USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

সংবাদ বিজ্ঞপ্তি

রোহিঙ্গাদের ত্রাণ সহায়তায় যুক্তরাষ্ট্র দশ লক্ষ স্বাস্থ্য সামগ্রী প্রদান করলো

ঢাকা, ২৮শে মার্চ, ২০১৮ – গত ২৫ শে মার্চ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আবেদনের প্রেক্ষিতে যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএইড) বাংলাদেশ সরকারকে ৬২২,৮০০ ডোজ ইনজেকটেবল কন্ট্রাসেপ্টিভ প্রদান করে, এই পর্যন্ত সবমিলিয়ে যুক্তরাষ্ট্র প্রায় দশ লক্ষ কন্ট্রাসেপ্টিভ প্রদান করলো যার মূল্যমান দাঁড়ায় ৯০১,২৩২ ডলার। এর আগে চলতি বছরের ফেব্রুয়ারী মাসে ২৯২,০০০ ডোজ কন্ট্রাসেপ্টিভ প্রদান করা হয় এবং ২০১৭'র ডিসেম্বর মাসে ত্রিশ লক্ষ প্যাকেট ওরস্যালাইন প্রদান করা হয়। ২৫শে আগস্ট ২০১৭ থেকে যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশ অবস্থিত রোহিঙ্গা শরণার্থীদের এবং তারা যে এলাকায় আশ্রয় নিয়েছে সেই এলাকার জনগণকে ১১০ মিলিয়ন ডলারেরও বেশি অর্থ সহায়তা দিয়েছে।

২৫ শে আগস্ট ২০১৭ থেকে এই পর্যন্ত প্রায় ৭০০,০০০ জন বার্মা থেকে পালিয়ে কক্সবাজার এ আশ্রয় নিয়েছে যেখানে রোহিঙ্গারা প্রকট স্বাস্থ্য ঝুঁকির সম্মুখীন হচ্ছে এবং সেখানে রয়েছে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য সামগ্রীর অপ্রতুলতা। বিশেষকরে, নবজাতক, শিশু, স্তনদাত্রী ও গর্ভবতী নারীরা অপুষ্টি, সংক্রামক রোগ ও খাদ্য অনিরাপত্তার স্বীকার হচ্ছে।

ইউএসএইড মিশন ডিরেক্টর ইয়ানিনা জারুজেলস্কি বলেন, "সবচেয়ে অরক্ষিত রোহিঙ্গা শরণার্থীদের জীবন রক্ষাকারী ও প্রয়োজনীয় স্বাস্থ্য সামগ্রী ব্যবহারের সুযোগ করে দিতে ইউএসএইড প্রতিশ্রুতিবদ্ধ।"

বাংলাদেশে রোহিঙ্গা সংকটে সাহায্যের ক্ষেত্রে প্রাথমিকভাবে ইউএসএইড মুলত জরুরি জীবন রক্ষাকারী খাদ্য সহায়তা এবং পুষ্টি সেবামূলক সহায়তা প্রদান করছে।

১৯৭১ সাল থেকে যুক্তরাষ্ট্র সরকার ইউএসএআইডি'র মাধ্যমে বাংলাদেশকে সাত'শ কোটি ডলারেরও বেশী উন্নয়ন সহায়তা প্রদান করেছে। ২০১৭ সালে ইউএসএআইডি বাংলাদেশের

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/

USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

সংবাদ বিজ্ঞপ্তি

জনগণের জীবনমানের উন্নয়নে প্রায় একুশ কোটি ডলার প্রদান করেছে। ইউএসএআইডি বাংলাদেশে যে সকল কর্মসূচিতে সহায়তা প্রদান করে সেগুলোর মধ্যে রয়েছে– গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও অনুশীলনের প্রসার, খাদ্য নিরাপত্তা ও অর্থনৈতিক সুবিধাদির সম্প্রসারণ, স্বাস্থ্য ও শিক্ষা সেবার উন্নয়ন ও অভিযোজন এবং স্বল্প কার্বন উন্নয়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তন পরিস্থিতির সংগে খাপ খাওয়ানো।

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/